

প্রেসিডেন্সি কলেজ
বাংলা বিভাগ
প্রবেশিকা পরীক্ষা -- ২০০৮

পূর্ণমান -- ১০০

সময় -- ২ ঘণ্টা

- ১। যে কোন একটি বিষয়ে রচনা লেখো (শব্দসংখ্যা অনধিক ৩৫০) -- ২৫
- ক) পুরনো তোমায় দিলাম আজকে ছুটি ।
খ) ভোরের হাওয়া আনলো বৃষ্টির খবর ।
গ) ইটের পরে ইট মাঝে মানুষ কীট ।
ঘ) আপন হতে বাহির হয়ে বাইরে দাঁড়া ।
ঙ) আমরা তো তিমির বিনাশী হতে চাই ।

- ২। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও -- ১৫
- ক) ভাব-সম্প্রসারণ করো (শব্দসংখ্যা অনধিক ১৫০) --
“এ দেশ আমার গর্ব,
এ মাটি আমার কাছে সোনা ।
এখানে মুক্তির লক্ষ্যে হয় মুকুলিত
আমার সহস্র সাধ, সহস্র বাসনা ।”

খ) সারসংক্ষেপ লেখো --

কবিতার দুই মৌলিক উপাদান ভাব ও ভাষা, এ-কথা আমরা ছেলেবেলা থেকে শুনে আসছি। মনেতেই হবে কথাটা খুব ব্যাপক অর্থে সত্য; অর্থাৎ কবিতা লিখতে হ'লে কিছু বক্তব্য চাই এবং চাই এমন ভাষা যা সেই বক্তব্যের সার্থক বাহন হ'তে পারে। কিন্তু ভাব ও ভাষার সম্বন্ধ কী, তা নিয়ে ভাবতে আরম্ভ করলে দেড় মিনিট পরেই তার কূল পাওয়া যায় না। ব্যাপারটা আরো জটিল হয়ে ওঠে এই কারণে যে ‘ভাব’ কথাটা অত্যন্ত অস্পষ্ট এবং ‘ভাষা’ বলতেও এখানে যা বোঝাচ্ছে তা শুধু ব্যাকরণ সম্বন্ধে বাক্য পর্যায় নয়, ছন্দ, মিল, ধ্বনিসম্পদন এবং অন্যান্য কৌশলের দ্বারা রচিত এক রহস্যময় মায়াজাল। মূল প্রশ্নটা এইঃ জরুরি কোনো বক্তব্য থাকলেই কি ভাষা জেগায়, না কি ভাষা পরাক্রান্ত হ'লেই বক্তব্য জরুরি হ'য়ে ওঠে -- বা অন্তত পাঠকের তা-ই মনে হয়? এ-প্রশ্নের কোন উত্তর নেই অবশ্যঃ বিশৃঙ্খলিত রহস্যের মতো, কবিতার জনরহস্যও মানুষের পক্ষে (এবং কবিদের পক্ষেও) অজ্ঞেয়। কবিতা যখন আলোচ্য, তখন আমাদের সকলের ই ‘চোর পালালে বুদ্ধি বাড়বে’; অর্থাৎ, ঘটনাটা ঘ'টে যাবার পর আমরা বিবিধ উপায়ে বিস্ময়কের গোয়েন্দাগিরি করতে পারি, পরতে পরতে বিশ্লেষণ ক'রে দেখতে পারি তার অঙ্গ-প্রত্যঙ্গ, বা নিজস্ব বুদ্ধি ও রুচি অনুসারে বোঝাবার চেষ্টা করতে পারি ভালো ও মন্দ কবিতা, এবং কবিতা ও অ-কবিতায় পার্থক্য কোনখানে। এবং এই অপেক্ষাকৃত গৌণ কাজগুলোই সমালোচনা নামে কথিত ও সম্মানিত।

- ৩। যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ৫+৫+৫+৫+৫

ক) কথা চলিত বাংলায় লেখ :-

যন তমসাবৃত অম্বর ধরণী, অভিজ্ঞানধরুপ প্রদত্ত অসুরীয়, প্রত্যভিবাদন পূর্বক, ন যযৌ ন তস্বৌ,
সতত সধরমান জলধরমন্ডলী।

খ) শোনদৃষ্টি, শুভফেননিভ, নীল নবঘন, অলঙ্করঞ্জিত, নাছোড়বান্দা -- এই সমাসবদ্ধ পদগুলির অন্তর্গত শোন, নিভ, ঘন, অলঙ্ক, বান্দা শব্দের অর্থ লেখ।

- গ) শব্দগুলির বঙ্গানুবাদ করো : (যে কোন পাঁচটি) — Human interest, Masterpiece, Lyric, Fairy tales, Plagiarism, Stream of consciousness, Poetic Diction ।
- ঘ) পাকা, পিরিতি, সাত, লাউ, বাতি — শব্দগুলির তৎসম রূপ লেখো ।
- ঙ) মরুদ্যান, সখ্যতা, ঋন, কাবুলিওয়াল, মড়াদাহ — শব্দগুলিতে অশুদ্ধির কারণ নির্দেশ করো ।
- চ) ১) অসাধ্য, দুঃসাধ্য, সাধ্যাতীত, যথাসাধ্য — এদের অর্থের পার্থক্য কোথায় ? ২
 ২) কল্যাণীয়াসু ও কল্যাণীয়েমু — এদের ব্যবহারে পার্থক্য কোথায় ? ১
 ৩) 'অধঃ' শব্দের বিপরীতার্থক শব্দ লেখো । ১
 ৪) জীমূত, সরিৎ, মরুৎ, চঞ্চলা, পয়ান — শব্দগুলি থেকে 'বায়ু'র প্রতিশব্দ বের করো । ১

- ৪। যে কোন ১০টি প্রশ্নের উত্তর দাও :- ২০
- ক) বড়ু চন্দ্রীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কোন্ যুগের কোন্ স্তরের বাংলাভাষার নিদর্শন বহন করে ? এর পুঁথি কে আবিষ্কার করেন ?
- খ) বিন্যাপতি কোন্ রাজসভার কবি ? তিনি মূলত কোন্ ভাষায় রাধাকৃষ্ণের পদ লিখেছিলেন ?
- গ) ছুটি খান কে ? তাঁর পৃষ্ঠপোষকতায় কোন্ কবি মহাভারত অনুবাদ ক'রে বিখ্যাত হন ?
- ঘ) দৌলৎ কাঙ্গী কার অনুরোধে 'সতীময়না' কাব্য রচনা করেন ? তাঁর এই অসমাপ্ত কাব্য পরবর্তীকালে কে সমাপ্ত করেন ?
- ঙ) রঞ্জাবতী, লহনা, ফুলরা, সনকা — এই চরিত্রগুলিকে কোন্ কোন্ কাব্যধারায় পাওয়া যায় ?
- চ) 'ভারত ভারত খ্যাত আপনার গুণে'— এখানে উল্লিখিত কবির পুরো নামটি কী ? তিনি কোন্ রাজ্য সভায় ছিলেন ?
- ছ) উনিশ শতকের একজন কবিওয়াল ও একজন টপ্পাকারের নাম লেখো ।
- জ) 'বঙ্গদর্শন' পত্রিকার প্রথম সম্পাদক কে ? তাঁর সম্পাদিত অন্য একটি পত্রিকার নাম উল্লেখ করো ।
- ঝ) অমিত্রাক্ষর ছন্দ মধুসূদন তাঁর কোন্ নাটকে ও কোন্ কাব্যে প্রথম ব্যবহার করেন ?
- ঞ) রবীন্দ্রনাথের একটি প্রামাণ্য জীবনীগ্রন্থ ও তার লেখকের নাম লেখো ।
- ট) 'সাতটি তারার তিমির' কাব্য কার লেখা ? তাঁর রচিত একটি উপন্যাসের নাম লেখো ।
- ঠ) 'আজি এ প্রভাতে রবির কর কেমনে পশিল প্রাণের 'পর' — কোন্ কাব্যের কোন্ কবিতার অংশ ?
- ড) কোন্ গোয়েন্দা নিজেই 'সত্যান্বেষী' পরিচয় দিতে ভালবাসতেন ? তাঁকে নিয়ে লেখা একটি উপন্যাসের নাম লেখো ।

- ৫) সংক্ষেপে যে কোন ৩টি গ্রন্থের পরিচয় দাও (রচয়িতার নাম, রচনাকাল, শ্রেণী, সাহিত্যিক গুরুত্বের উল্লেখ কাম্য) : ৫+৫+৫
- শ্রীকৃষ্ণবিজয়, পদ্মিনী উপাখ্যান, রজনী, পরিব্রাজক, চাঁদের পাহাড়, তুঙ্গভদ্রার তীরে, মহাপ্রস্থানের পথে, অলীক মানুষ, অরণ্যের অধিকার ।